গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২১.১৬- ৮০৫ তারিখঃ ১২/১১/২০১৭ খ্রিঃ।

**বিষয়ঃ পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারণে বন্যায় ক্ষতিগ্রস্ত ০৬টি জেলার বিশেষ অনুদান খাত হতে নগদ অর্থ বরাদ্দ।**

**সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.২০.০০১.১৫-৪৯৮, তারিখঃ ০৮/১১/২০১৭ খ্রিঃ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ২০১৭-২০১৮ অর্থ বছরে প্রাকৃতিক দুর্যোগ পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারণে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত ০৬টি জেলার ক্ষুদ্রকৃষক ও মৎসজীবিসহ ৩,৮০,০০০ পরিবারকে পরিবার প্রতি মাসিক ৫০০/-(পাঁচশত) টাকা হারে ০৩ (তিন) মাসের জন্য (**নভেম্বর, ডিসেম্বর '২০১৭ ও জানুয়ারী' ২০১৮**) মোট (৩,৮০,০০০ পরিবার X ৫০০ টাকা X ৩ মাস) = ৫৭,০০,০০,০০০/-(সাতান্ন কোটি) টাকা নিম্নবর্ণিত ভাবে জেলা ভিত্তিক সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক এর অনুকূলে বরাদ্দ প্রদান করা হলোঃ

| ক্রঃনং | জেলার নাম | ক্ষুদ্র কৃষক ও মৎস্যজীবি পরিবার সংখ্যা | প্রতি পরিবার ৫০০/- (পাঁচশত) টাকা হারে নভেম্বর, ডিসেম্বর '২০১৭ ও জানুয়ারী' ২০১৮ মাসের জন্য বরাদ্দকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১. | সুনামগঞ্জ | ১,৬৮,০০০ | ২৫,২০,০০,০০০/- (পঁচিশ কোটি বিশ লক্ষ) টাকা |
| ০২. | সিলেট | ৫৫,০০০ | ৮,২৫,০০,০০০/- (আট কোটি পঁচিশ লক্ষ) টাকা |
| ০৩. | হবিগঞ্জ | ২৯,০০০ | ৪,৩৫,০০,০০০/- (চার কোটি পয়ত্রিশ লক্ষ) টাকা |
| ০৪. | মৌলভীবাজার | ৫,০০০ | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) টাকা |
| ০৫. | কিশোরগঞ্জ | ৬৫,০০০ | ৯,৭৫,০০,০০০/- (নয় কোটি পঁচাত্তর লক্ষ) টাকা |
| ০৬. | নেত্রকোনা | ৫৮,০০০ | ৮,৭০,০০,০০০/- (আট কোটি সত্তর লক্ষ) টাকা |
| | **সর্বমোট** | ৩,৮০,০০০ | **৫৭,০০,০০,০০০/- (সাতান্ন কোটি) টাকা** |

২। জেলা প্রশাসকগণ বরাদ্দকৃত অর্থ বিতরণে সার্বিক তদারকীসহ ক্ষতিগ্রস্ত পরিবারসমূহকে সঠিক ভাবে ইউনিয়ন ও ওয়ার্ড ভিত্তিক বিতরণ কার্যক্রম সম্পাদন করবেন। মানবিক সহায়তা বাস্তবায়ন কর্মসূচি নির্দেশিকা ২০১২-২০১৩ অনুযায়ী এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় বিধি-বিধান ও আর্থিক নিয়মাচার যথাযথ অনুসরণপূর্বক বিতরণ করবেন এবং নিরীক্ষারজন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৩। মঞ্জুরীকৃত অর্থ ২০১৭-২০১৮ অর্থ বছরের সচিবালয়ের আওতাধীন '৩-৪৯০১-০০০৩-৫৯৬৫-বিশেষ অনুদান খাত হতে নির্বাহ করা হবে।

৪। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে নগদ অর্থ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে হবে।

৫। জেলা প্রশাসক তাঁর জেলার জন্য প্রাপ্ত বরাদ্দ পত্রটি তাঁর ওয়েবসাইটে Upload করাসহ উপজেলার অনুকূলে জারীকৃত উপ-বরাদ্দ পত্রও তাঁর ওয়েবসাইটে Upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দ পত্র Upload করতে হবে।

৭। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১২/১১/১৭

**(মোঃ ইফতেখারুল ইসলাম)**
পরিচালক (ত্রাণ)
ফোনঃ ৯৮৬০৩৮৬।
E-mail: islameftekharul@yahoo.com

**জেলা প্রশাসক,**
সুনামগঞ্জ/সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/কিশোরগঞ্জ/নেত্রকোনা।

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২১.১৬-৮০৫ তারিখঃ ১২/১১/২০১৭ খ্রিঃ।

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, সিলেট/ঢাকা/ময়মনসিংহ বিভাগ।

৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা। তাঁকে সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র জারীর জন্য অনুরোধ করা হলো ।

৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে Upload সহ ই-মেইল মারফত সংশ্লিষ্ট জেলায় প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ/সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/কিশোরগঞ্জ/নেত্রকোনা-কে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে অনুরোধ করা হ'ল।

৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ/সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/কিশোরগঞ্জ/নেত্রকোনা।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

**(মোঃ বোরহান উদ্দিন)**
উপ-পরিচালক (ত্রাণ-১)